

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
dpe.dhakadiv.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী**

সভাপতি : মীর্জা মো: হাসান খসরু, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ।  
সভার তারিখ : ৩০ অক্টোবর ২০২৩  
সভার সময় : সকাল ৯:৩০ ঘটিকা  
স্থান : বিভাগীয় উপপরিচালক মহোদয়ের কক্ষ  
উপস্থিতি : (সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক-তে সংযোজিত)

**আলোচ্য বিষয়:**

- এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা;
- শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২য় ত্রৈমাসিক কার্যক্রম বাস্তবায়ন।

বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ ও সভাপতি, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সম্মতিক্রমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়। এ দপ্তরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা এবং পরবর্তীতে ২য় ত্রৈমাসিকের জন্য গৃহীত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনা শেষে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নম্বর	বিষয়	আলোচনা	গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত
১	এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা :	আলোচনার শুরুতে এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এবং ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়। আলোচনায় পরিকল্পনার ৩ টি প্রধান অংশ ক) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, খ) আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ও গ) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম অনুযায়ী ১ম ত্রৈমাসিক অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। আলোচনার বিষয়গুলো নিম্নরূপ: ক) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা: কর্মপরিকল্পনার ১.১ মোতাবেক ১ম ত্রৈমাসিকে একটি নৈতিকতা কমিটির সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। এছাড়া কর্মপরিকল্পনার ১.২ মোতাবেক প্রতি ত্রৈমাসিকে অংশীজনের (Stakeholders) সমন্বয়ে ১টি করে মোট ৪টি সভার পরিকল্পনা থাকায় ১ম ত্রৈমাসিকে ১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখে জুম প্ল্যাটফর্মে ১৩৯ জন অংশগ্রহণকারীর সমন্বয়ে অংশীজন সভা আয়োজন করা হয়েছে। এছাড়া কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.৩ মোতাবেক ১৮ জুলাই ২০২৩ তারিখে ঢাকা বিভাগের জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সুপারিনটেনডেন্টগণের সমন্বয়ে শুদ্ধাচার সংক্রান্ত মতবিনিময় সভা আয়োজন করা হয়েছে। কর্মপরিকল্পনার ১.৪ মোতাবেক এ দপ্তরের কর্ম পরিবেশ উন্নয়ন বিষয়ে প্রতিনিয়ত ১.দপ্তর পরিষ্কার পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে মনিটরিং বৃদ্ধি করা হয়েছে। পরিষ্কার পরিচ্ছন্নতার অভিযান হিসেবে প্রতিটি কক্ষ, ফ্লোর, টয়লেট, সিঁড়ি, ভবনের চত্বর ও ছাদ পরিষ্কার করা হচ্ছে। এছাড়া ২. মহিলা সহকর্মীদের জন্য পৃথক	বিগত সভার কার্যবিবরণীতে কোন পরিবর্তন না থাকায় তা সদয় সম্মতিক্রমে অনুমোদন করা হলো। বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়: ক) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা: কর্মপরিকল্পনার ১.১ মোতাবেক প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। কর্মপরিকল্পনার ১.২ মোতাবেক প্রতি ত্রৈমাসিকে অংশীজন সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। কর্মপরিকল্পনার ১.৩ মোতাবেক শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা নির্দিষ্ট সময়ের মধ্যে আয়োজন করতে হবে এবং প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজনের জন্য বরাদ্দ সংক্রান্ত বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করতে হবে। ১.৪. প্রতিনিয়ত স্বাস্থ্যবিধি অনুসরণ ও পরিচ্ছন্নতা কার্যক্রমের পাশাপাশি প্রতি তিন মাসে ০১ বার করে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রাখতে কার্যকর মনিটরিং করতে হবে।

*[Signature]*

*[Signature]*

*[Signature]*

ক্রমিক নম্বর	বিষয়	আলোচনা	গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত
		<p>ওয়াশরুমের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।</p> <p>খ) আর্থিক ব্যবস্থা উন্নয়ন কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.১ মোতাবেক বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ন, অনুমোদন ও ওয়েব সাইটে প্রকাশসহ করা হয়েছে।</p> <p>গ) শূদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম কর্মপরিকল্পনার ক্রমিক নং ৩.১ মোতাবেক সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করা হচ্ছে। মতামত রেজিস্টারে জুলাই থেকে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ০৭ জন সেবা গ্রহীতা রেজিস্টারে মতামত প্রদান করেছেন এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সেবা গ্রহীতার মতামত পর্যালোচনা করে দেখা যায় যে সেবা গ্রহীতাগণ সঠিক সময়ে সেবা প্রাপ্তিতে সন্তোষ প্রকাশ করেছেন।</p>	<p>কর্মপরিকল্পনার ২.১ মোতাবেক অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ণ করতে হবে।</p> <p>কর্মপরিকল্পনার ৩.১ মোতাবেক সেবা প্রদানের এ ধারা অব্যাহত রাখার জন্য দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুরোধ করা হয়েছে।</p> <p>বাস্তবায়নে: নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ</p>
২	শূদ্ধাচার কর্মপরিকল্পনা ২য় ত্রৈমাসিক কার্যক্রম বাস্তবায়ন।	<ul style="list-style-type: none"> <li>শূদ্ধাচার কর্মপরিকল্পনা ২য় ত্রৈমাসিকের কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। কর্মপরিকল্পনার ১.২ মোতাবেক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২য় ত্রৈমাসিক সভা এবং কর্মপরিকল্পনার ১.৩ মোতাবেক শূদ্ধাচার সংক্রান্ত মতবিনিময় সভা আগামী নভেম্বর ২০২৩ মাসে আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।</li> <li>এছাড়া কর্মপরিকল্পনার ১.৪ মোতাবেক প্রতিনিয়ত দপ্তর পরিষ্কার পরিচ্ছন্নতা অব্যাহত রাখা এবং মহিলা সহকর্মীদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা বিষয়ে আলোচনা করা হয়।</li> <li>শূদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসেবে কর্মপরিকল্পনার ক্রমিক নং ৩.১ মোতাবেক সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>কর্মপরিকল্পনার ১.২ মোতাবেক ২য় ত্রৈমাসিকে অংশীজন সভা নভেম্বর মাসের মাসের ৩য় সপ্তাহে এবং মতবিনিময় সভা নভেম্বর মাসের ৪র্থ সপ্তাহে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।</li> <li>কর্মপরিকল্পনার ১.৪ মোতাবেক প্রতিনিয়ত দপ্তর পরিষ্কার পরিচ্ছন্নতা অব্যাহত রাখা এবং মহিলা সহকর্মীদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা বিষয়ে অফিস আদেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</li> <li>কর্মপরিকল্পনার ৩.১ মোতাবেক সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে।</li> </ul> <p>বাস্তবায়নে: নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ</p>

৩। শূদ্ধাচার কর্মপরিকল্পনার গৃহীত কার্যক্রমগুলো বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সম্পর্কযুক্ত থাকায় সভাপতি শূদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রমগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে আবশ্যিকভাবে বাস্তবায়ন করে নির্দিষ্ট সূচকের মান অর্জন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মৌজা মো: হাসান হোসেন)

বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ

ফোন: ০২-৫৮০৫৩৩৬৭

ddddhaka@gmail.com




স্মারক নং -৩৮.০১.৩০০০.০০০.৩২.০০৩.২২- ১১৬২(২০)

তারিখ: ১৪ কার্তিক ১৪৩০  
৩০ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. মহাপরিচালক(গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট (সকল), ঢাকা বিভাগ।
৩. সৈয়দা জান্নাতুল্লাহর ফাতমী, শিক্ষা অফিসার, এ দপ্তর।
৪. অফিস কপি।

  
(মোসাম্মদ রোহস্য হায়দার)

সহকারী পরিচালক  
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ

০২-৪৮০৪১০৫৮

